

মুগ্ধিত্ব

প্রক্ষি জালিয়াতির মামলায় রাবি ছাত্রলীগ নেতা গ্রেফতার

● রাবি প্রতিনিধি

⌚ ৩১ মে ২০২৩, ১৪:২৮:৪৮ | অনলাইন সংস্করণ



রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় প্রক্ষি জালিয়াতির মামলায় শাখা ছাত্রলীগের সহসম্পাদক ও বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ইতিহাস বিভাগের শিক্ষার্থী হাসিবুল ইসলাম শান্তকে গ্রেফতার করা হয়েছে।

মঙ্গলবার তাকে রাজশাহীর কাটাখালী এলাকা থেকে আটকের পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের মামলায় গ্রেফতার দেখিয়েছে মতিহার থানা পুলিশ।

বুধবার দুপুর পৌনে ১২টায় বিশ্ববিদ্যালয়ের শহিদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্যটি জানিয়েছেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার বিজয় বসাক।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় গ্রেফতারকৃত আসামিদের তথ্যমতে হাসিবুল ইসলাম শান্তকে গতকাল রাজশাহীর কাটাখালী এলাকা থেকে আটক করা হয়। পরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের মামলায় তাকে গ্রেফতার দেখানোর পর তার

মোবাইল থেকে জাহাঙ্গীরনগর, চট্টগ্রাম, রাবি ও জগন্নাথ (গুচ্ছ) বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষারসহ বিভিন্ন চাকরির পরীক্ষার বিপুলসংখ্যক প্রবেশপত্র পাওয়া গেছে। তার বিষয়ে আইনগত পদক্ষেপ নিতে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

এর আগে গতকাল মঙ্গলবার ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় প্রেফতারকৃত আসামিদের তথ্যমতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক আবদুস সালাম বাদী হয়ে হাসিবুল ইসলাম শান্তের বিরুদ্ধে নগরীর মতিহার থানায় মামলা করেন। মামলার এজাহারে আসামিদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের অনুরোধ জানান তিনি।

সম্পাদক : সাঈফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023